

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১১.২০২১. ৪৮২

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৮  
২৯ আগস্ট ২০২১

অভিযোগনামা


আপনি জনাব শামীম আহসান খান (৭৩৭৭), অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ও প্রাক্তন সিনিয়র প্রোগ্রাম অফিসার (স্ট্যাটিস্টিক প্র্যান), কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি), ঢাকা।

যেহেতু, আপনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন “কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)” শীর্ষক প্রকল্পের আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় অনার্স/মাস্টার্স কলেজের শিক্ষকদের ৬ষ্ঠ হতে ১২তম (০৭) ব্যাচের প্রশিক্ষণ ব্যয় হতে ৭ (সাত)টি চেকের মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরে ৬,৮৬,০০,০০০/- (ছয় কোটি ছিয়াশি লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি নেয়ার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও অর্থ বিভাগের পূর্ব সম্মতি না নিয়ে উক্ত টাকা অগ্রিম উত্তোলন করেছেন।

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ শৃঙ্খলা ও আচরণ পরিপন্থী যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধি ৪(১) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১) (খ) অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব

**বর্তমান কর্মস্থল:**

জনাব শামীম আহসান খান (৭৩৭৭)  
অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান)  
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**বর্তমান ঠিকানা:**

জনাব শামীম আহসান খান  
পিতা: এ,বি, ছিদ্দিকুর রহমান  
মাতা: মমতাজ বেগম  
গ্রাম: বাড়ী নং-২১, প্রাইমারি স্কুল রোড, ডাকঘর, কল্যাণপুর  
থানা- মিরপুর, জেলা- ঢাকা।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব শামীম আহসান খান (৭৩৭৭), অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ও প্রাক্তন সিনিয়র প্রোগ্রাম অফিসার (স্ট্র্যাটজিক প্ল্যান), কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি), ঢাকা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন “কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)” শীর্ষক প্রকল্পের আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় অনার্স/মাস্টার্স কলেজের শিক্ষকদের ৬ষ্ঠ হতে ১২তম (০৭) ব্যাচের প্রশিক্ষণ ব্যয় হতে ৭ (সাত)টি চেকের মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরে ৬,৮৬,০০,০০০/- (ছয় কোটি ছিয়াশি লক্ষ) টাকা অগ্রীম উত্তোলনের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি নেয়ার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও অর্থ বিভাগের পূর্ব সম্মতি না নিয়ে উক্ত টাকা অগ্রিম উত্তোলন করেছেন।

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ শৃঙ্খলা ও আচরণ পরিপন্থী যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
(মোঃ মাহবুব হোসেন) ২৩/৮/২০২১  
সচিব